



জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং ২৮.১৬.৯১০০.০০৬.০৬.০০৬.২০/

তারিখঃ ২২ মার্চ ২০২২

বিষয়ঃ জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ এর ২০২১-২২ অর্থবছরে ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. মনজুর আহমদ চৌধুরী
মহাব্যবস্থাপক (বিপণন দক্ষিণ)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, সিলেট।

তারিখ : ১০-০৩-২০২২

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : কমিটি কক্ষ, জেজিটিডিএসএল, প্রধান কার্যালয়, গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট।

উপস্থিতি : তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কোম্পানীতে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে নিম্নবর্ণিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করা হয়ঃ

ক) বিগত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত ২য় সভায় গ্রহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি;

খ) কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে উদ্ভাবন প্রস্তাবনা সমূহ বাস্তবায়নে গৃহীতব্য প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদী।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	ই-নথিতে ও হার্ড ফাইলে নোট নিষ্পত্তি করণ।	ই-নথিতে নোট নিষ্পত্তিকরণের শতকরা হার সঠিকভাবে নির্ণয়ের লক্ষ্যে হার্ডকপি নথিতে নিষ্পত্তিকৃত নথির সংক্ষ্যা নির্ণয়ের বিষয়ে সভায় আলোচনা হয়।	এমডি শাখা ও ডিভিশন প্রধানদের শাখার নথি রেজিষ্টার থেকে হার্ডকপি নথিতে নিষ্পত্তিকৃত নথির সংক্ষ্যা নির্ণয়ের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ইনোভেশন টিম।
২.২	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪টি প্রশিক্ষণের মধ্যে ৩টি প্রশিক্ষণ প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ১টি প্রশিক্ষণের আয়োজন করতে হবে মর্মে সভায় জানানো হয়।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অপর একটি প্রশিক্ষণ মার্চ/এপ্রিল, ২০২২ মাসের মধ্যে সম্পন্নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম ও প্রশিক্ষণ শাখা।
২.৩	কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে ইনোভেটিভ আইডিয়া সংগ্রহ।	কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে আগামী ২০২২-২০২৩ অর্থবছরের বাস্তবায়নের নিমিত্ত ইনোভেটিভ আইডিয়া সংগ্রহের বিষয়ে সভায় আলোচনা হয়।	কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে আগামী ২০২২-২০২৩ অর্থবছরের বাস্তবায়নের নিমিত্ত প্রশাসন ডিভিশন থেকে বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে ইনোভেটিভ আইডিয়া আহবানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম ও প্রশাসন ডিভিশন।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.৪	আবিকাসমূহ থেকে পুরণকৃত গ্রাহক সেবা মূল্যায়ন ফরম সংগ্রহ।	সকল আবিকা থেকে গ্রাহকদের নিকট থেকে পুরণকৃত গ্রাহক সেবা মূল্যায়ন ফরম নিয়মিত প্রেরণ করছে কিনা তা মনিটরিং এর জন্য সভায় আলোচনা হয়।	সকল আবিকা থেকে গ্রাহকদের নিকট থেকে পুরণকৃত গ্রাহক সেবা মূল্যায়ন ফরম যাতে নিয়মিত প্রেরণ করে সে বিষয়ে আন্তঃ বিভাগীয় পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ইনোভেশন টিম।

(প্রকৌ. মনজুর আহমদ চৌধুরী)
মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

বিতরণঃ

- ১। মহাব্যবস্থাপক(বিপণন-উত্তর/প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। ইনোভেশন টিমের সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। দপ্তর নথি।